

দৈনিক সংস্করণ  
আগামি ২২, ২০১০  
পৃষ্ঠা - ০৭

শ্রেণীসংখ্যা - ৩৭৬ ৫৪২২ A

১৫ই আগস্ট, ২০. ০৫.১০. পৃ: - ৭

## ফরাসউদ্দিন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির বোর্ড অব ডিরেক্টরসের সভাপতি

ড. মোহাম্মদ ফরাসউদ্দিন গতকাল শনিবার ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির বোর্ড অব ডিরেক্টরসের সভাপতির দায়িত্ব গ্রহণ করেছেন। তিনি আগামী দুই বছরের জন্য এ দায়িত্ব গ্রহণ করেন। ফরাসউদ্দিন ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে স্নাতক (সম্মান) এবং এমএ পরীক্ষায় প্রথম স্থান অধিকার করেন। পরে যুক্তরাষ্ট্রের বস্টন বিশ্ববিদ্যালয় থেকে উন্নয়ন অর্থনীতি বিষয়ে পিএইচডি ও এমএ (ডাবল) ডিগ্রি অর্জন করেন। ১৯৬৬ সালে তিনি তদানীন্তন সিভিল সার্ভিস অব পাকিস্তানে যোগ দেন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের একান্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করার সময়ে তিনি বাংলাদেশের সংবিধান, প্রথম পঞ্চমবার্ষিকী পরিকল্পনা ও ড. কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন রিপোর্ট প্রণয়নের সঙ্গে সম্পৃক্ত ছিলেন। তিনি দেশে-বিদেশে বিভিন্ন প্রতিষ্ঠানের অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাংলাদেশ ক্ষুদ্র ও কৃষি শিল্প করপোরেশন, পরিকল্পনা কমিশন, ইউএনডিপি ও বিআইডিএসের গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। এছাড়াও বিভিন্ন বিশ্ববিদ্যালয়, সরকারি ও আন্তর্জাতিক শিল্প-বাণিজ্য সংস্থার



পরিচালনা পর্যদের চেয়ারম্যান ও সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা উপাচার্য ও প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট ছিলেন। বর্তমানে তিনি অর্থনীতি বিভাগে ঋণকালীন শিক্ষকতা করছেন আইবিএ ও ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে। তিনি বাংলাদেশ উন্নয়ন পরিষদের চেয়ারম্যান। ফরাসউদ্দিন বাংলাদেশ ব্যাংকের গভর্নরও ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।

